

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, সেপ্টেম্বর ২৬, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
অপারেশন-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২৬ সেপ্টেম্বর ২০২৩

নং ২৮.০০.০০০০.০২৬.৯৯.০০১.২২.৭১ —সরকার জ্বালানি তেলের মূল্য পুনর্নির্ধারণ/
সমন্বয়ের (বৃদ্ধি/হ্রাস) ক্ষেত্রে অবচয় এবং সকল খরচসহ ডিলার/এজেন্টস্ কমিশন এবং ট্যাংকলরীর
ভাড়া নির্ধারণে নিম্নোক্ত ফর্মুলা প্রণয়ন করিল:

(ক) জ্বালানি পণ্যের ডিলার্স/ এজেন্টস্ কমিশন নির্ধারণ ফর্মুলা:

ক্রম.	জ্বালানি পণ্যের নাম	সংশ্লিষ্ট জ্বালানি পণ্যের এক্স-ডিপো/সরবরাহ কেন্দ্র মূল্যের উপর লিটার প্রতি ডিলার্স/এজেন্টস্ কমিশন
১	অকটেন	৪.২৮%
২	পেট্রোল	৪.৩৪%
৩	কেরোসিন	২.০০%
৪	ডিজেল	২.৮৫%

(১৩৬০৭)

মূল্য : টাকা ৪.০০

(খ) ট্যাংকলরীর পরিবহন ভাড়া বিষয়ক ফর্মুলা:

ক্রম.	বিবরণ/ দূরত্ব	পরিবহন ভাড়া
১	ডিপোর প্রথম ৪০ কি.মি. দূরত্ব	ডিপোর প্রথম ৪০ কি.মি. এর মধ্যে (যাওয়া-আসা বাবদ ৮০ কি.মি.) প্রতি কি.মি. এর জন্য ১ (এক) লিটার ডিজেলের এক্স-ডিপো মূল্য প্রদেয় হইবে।
২	ডিপোর প্রথম ৪০ কি.মি. এর অতিরিক্ত দূরত্ব	ডিপোর প্রথম ৪০ কি.মি. (যাওয়া-আসা ৮০ কি.মি.) এর পর প্রতি ০১ কি.মি. (যাওয়া-আসা বাবদ ০২ কি.মি.) অতিরিক্ত দূরত্বের জন্য ০.৫ লিটার ডিজেলের এক্স-ডিপো মূল্য প্রদেয় হইবে।

(গ) ‘খ’ এ উল্লিখিত ট্যাংকলরীর পরিবহন ভাড়া বিষয়ক ফর্মুলা ৯০০০ (নয় হাজার) লিটার ধারণ ক্ষমতার ট্যাংকলরীর জন্য প্রযোজ্য হইবে। এর কম/অতিরিক্ত পরিবহনের ক্ষেত্রে আনুপাতিক হারে ভাড়া নির্ধারিত হইবে।

(ঘ) সড়কপথে ট্যাংকলরীযোগে সকল ধরনের জ্বালানি পণ্য পরিবহনে ভাড়া বিষয়ক এ ফর্মুলা প্রযোজ্য হইবে।

২। ভবিষ্যতে জ্বালানি তেলের মূল্য পুনর্নির্ধারণ/সম্বয়ের (বৃদ্ধি/হ্রাস) ক্ষেত্রে উপর্যুক্ত ফর্মুলা স্বয়ংক্রিয়ভাবে প্রযোজ্য হইবে এবং এ সংশ্লিষ্ট পূর্বের আদেশ/প্রজ্ঞাপন বাতিল বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

শেখ মোহাম্মদ বেলায়েত হোসেন

উপসচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd